স্মারক নং-ইইউবি/অতিঃরেজি-০২/রাঃবঃআঃস্থঃ/২০২৬-৫৩৭ তারিখঃ ২১ নভেম্বর ২০২৬ খ্রি.

বিষয়ঃ **ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর শিক্ষার্থী জনাব মোঃ মশিউর রহমান (রাঙ্গা)-এর বিরুদ্ধে জারিকৃত বহিষ্কারাদেশের কার্যকারিতা স্থগিত প্রসঙ্গে।**

সূত্র: ইউজিসি'র স্মারক নম্বর- ৩৭.০১.০০০০.০০০.১৩২.৪১.০০৩৩.২০.৪৩৫, তারিখঃ ০৩ নভেম্বর ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী জনাব মোঃ মশিউর রহমান (রাঙ্গা) (আইডি নং: ২০০১০৮০২৫)-এর বিরুদ্ধে জারিকৃত বহিষ্কারাদেশ (স্মারক নং: ইইউবি/অতিঃরেজিঃ/রাঃবঃআঃ/২০২৫-৪৯৪, তারিখ: ২৪ জুলাই ২০২৫ খ্রি.) বিশ্ববিদ্যালয়ের তৎকালীন Board of Trustees (BoT)-এর সময়ে জারি করা হয়েছিল।

পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত বহিষ্কারাদেশের কার্যকারিতা ছয় (০৬) মাসের জন্য স্থগিত করা হয়েছে (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, বহিষ্কারাদেশের কার্যকারিতা স্থগিত থাকাবস্থায় জনাব মোঃ মশিউর রহমান (রাঙ্গা) শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসন গুরুত্বের সঙ্গে বিবেচনার লক্ষ্যে গত ০৬ নভেম্বর ২০২৬ তারিখে একটি জরুরি সভা আহ্বান করে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত এবং মহামান্য আদালতের নির্দেশনার আলোকে **জনাব মোঃ মশিউর রহমান (রাঙ্গা)** চলমান সেমিস্টারের মিডটার্ম সাপ্লিমেন্টারি ও ফাইনাল সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। একই সঙ্গে আগামী স্প্রিং-২০২৭ সেমিস্টারে নতুনভাবে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করার সুযোগ পাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

Khatema 21.11.26
মোঃ আসাফউদ্দৌলা
অতিরিক্ত রেজিস্ট্রার
(রেজিস্ট্রার-এর পক্ষে)

প্রাপকঃ পরিচালক (একাডেমিক শাখা)
বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

[দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ আল আমিন
সহকারী পরিচালক (একাডেমিক শাখা)
বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ]

বিতরণ (সদয় জ্ঞাতার্থে):

১। চেয়ারম্যান, বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরস (বিওএ), ইইউবি।

স্মারক নং-ইইউবি/অতিঃরেজি-০২/রাঃবঃআঃস্থঃ/২০২৬-৫৩৭ তারিখঃ ২১ নভেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পি. এস. টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় দৃষ্টিগোচর করার জন্য), ইইউবি।
২। পি. এস. টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় দৃষ্টিগোচর করার জন্য), ইইউবি।
৩। অফিস নথি।

21.11.2026
মোঃ ফখরুল ইসলাম
সিনিয়র সহকারী রেজিস্ট্রার